



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর।

স্মারক নং- (০-৫)/জাতীঃবিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৪৯

তারিখঃ ১৯/০১/২০২১

ইনকোর্স পরীক্ষা সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে কোভিড-১৯ এর কারণে স্থগিত সকল পরীক্ষা শুরুর প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে এবং ইতোমধ্যে কিছু কিছু পরীক্ষা শুরু হয়েছে। ২০২০ সালের অনার্স ১ম ও ২য় বর্ষ সহ অন্যান্য সকল পরীক্ষার ফরম পূরণ আগামী মাস থেকে শুরু হবে।

এমতাবস্থায় সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ইনকোর্স পরীক্ষা শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা (কপি সংযুক্ত) অনুসরণ করে গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ০২-৯২৯১০১৭

ই-মেইলঃ controller@nu.ac.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয়
www.shed.gov.bd

নং ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০৮২.০১.২৪৫


তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর পরীক্ষা গ্রহণ প্রসঙ্গ।

সূত্র: স্মারক নং- (০৫) জাতীয়ঃবিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৩৫, তারিখ: ০৩.১২.২০২০ খ্রিষ্টাব্দ,
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ভাইরাস প্রাদুর্ভাবের ফলে সরকারি নির্দেশনা ও যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক পরীক্ষা গ্রহণের বিষয়ে অনাপত্তি প্রদান করা হলো:

- (ক) মন্ত্রিপরিষদ বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি অনুসরণ করতে হবে;
- (খ) প্রতিদিন পরীক্ষা শুরু করার পূর্বে অবশ্যই প্রতিটি পরীক্ষা কক্ষ/টয়লেট/আজিনা/রাস্তাঘাট জীবাণুমুক্ত করতে হবে;
- (গ) প্রবেশপথে প্রত্যেক পরীক্ষার্থীকে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে শরীরে তাপমাত্রা পরীক্ষা করাতে হবে;
- (ঘ) পরীক্ষা কক্ষে ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে;
- (ঙ) পরীক্ষা কক্ষের বাইরে হাত ধোয়ার ব্যবস্থা অথবা কক্ষের ভিতরে হ্যান্ড স্যানিটাইজার সংরক্ষণ করতে হবে।


(নীলিমা আফরোজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭২১৮৫

উপাচার্য
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অফিস কপি।